

ন্যাশনাল পপুলেশন রেজিস্টার (এনপিআর)

ন্যাশনাল পপুলেশন রেজিস্টার (এনপিআর) বা জাতীয় জনসংখ্যা রেজিস্টার কোনো দেশ বা স্থানের সচরাচর বসবাসকারীরা বা নিবাসীদের একটি তথ্যভান্ডার। গত ছয়মাস যাবত কোন দেশে বা স্থানে অবস্থান করছেন বা পরবর্তী ছয়মাস অবস্থান করার ইচ্ছা পোষণ করছেন এমন ব্যক্তিকে তার নাগরিকত্ব যাই হোক না কেন নিবাসী হিসেবে গণ্য করা হয়।

সকল নিবাসীর জনতাত্ত্বিক ও বায়োমেট্রিক তথ্য সম্বলিত একটি স্বয়ংসম্পূর্ণ তথ্যভান্ডার প্রস্তুত ও নিয়মিত হালনাগাদ করা এনপিআর এর মূল উদ্দেশ্য। এর মাধ্যমে সুচারুরূপে সরকারি সুযোগ-সুবিধা ও পরিষেবাসমূহের উপকারভোগী নির্ধারণ সম্ভব হবে এবং প্রয়োজনে বেসরকারি খাতে তা ব্যবহার করা যাবে। এনপিআর সকল ধরনের প্রতারণা ও হয়রানিমূলক কার্যক্রম হ্রাস ও নিরাপত্তা নিশ্চিত করতে সহায়তা করবে।

দেশের অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্যভান্ডারসমূহ অ্যান্টিকেশন প্রোগ্রামিং ইন্টারফেস (এপিআই) এর মাধ্যমে এনপিআর তথ্যভান্ডারের সাথে সংযুক্ত থাকবে। অনুমোদিত কর্মকর্তা বা ব্যবহারকারী ব্যতীত কেউ কোন তথ্য পরিবর্তন বা মুছতে পারবেন না। কোনো তথ্য পরিবর্তনের প্রয়োজন হলে প্রয়োজনীয় ট্র্যাক রেকর্ড রেখে কেবল অনুমোদিত ব্যবহারকারী তা করতে পারবেন। একবার তথ্য ধারণ করা হলে তা স্থায়ীভাবে সংরক্ষণ করা হবে। এমনকি সংশ্লিষ্ট ব্যক্তি মৃত্যুবরণ করলেও তার তথ্য মুছা হবে না কেবল হালনাগাদ করা হবে। এটির জনমিতিক ও আর্থ-সামাজিক ক্ষেত্রে time-series উপাত্ত সরবরাহ নিশ্চিত করবে। এনপিআরে নিবন্ধিত হওয়া বাধ্যতামূলক নয় তবে সরকারি পরিষেবাসমূহ উপভোগ করতে এনপিআর তথ্যভান্ডারে তথ্য থাকা আবশ্যিক।

পরিসংখ্যান আইন, ২০১৩, এলোকেশন অফ বিজনেস ,২০১৭, জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (এনএসডিএস) এবং অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনা অনুযায়ী উক্ত কার্যক্রম পরিচালনার জন্য আইনগত ভাবে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) দায়িত্বপ্রাপ্ত। বিবিএস তার অভিজ্ঞতা, দক্ষতা ও প্রশিক্ষিত জনবল কাঠামো ব্যবহারের মাধ্যমে ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ এর উপাত্তকে ব্যবহার করে স্বল্প সময়ের মধ্যে এর কার্যক্রম শুরু করতে সক্ষম।